

# থমবারের মতো রুয়া নির্বাচন: সভাপতি- সম্পাদকসহ ২৭ পদে বিনা প্রতিদ্বন্দ্বিতায় ও ২৪ পদে ভোটগ্রহণ, জাতীয়তাবাদীদের বর্জন

লুবনা শারমিন, রাজশাহী বিশ্ববিদ্যালয়

প্রকাশিত: ২৩:৫৩, ২৬ জুলাই ২০২৫; আপডেট: ২৩:৫৪, ২৬ জুলাই ২০২৫



প্রথমবারের মতো রাজশাহী বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশন (রুয়া) এর কার্যনির্বাহী কমিটির নির্বাচন সম্পন্ন হয়েছে। তবে নির্বাচনে কোনো প্রতিদ্বন্দ্বী না থাকায় সভাপতি, সাধারণ সম্পাদক, কোষাধ্যক্ষ ও সংরক্ষিত নারী সদস্যসহ মোট ২৭টি পদে প্রার্থীরা বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন। অ্যালামনাই কমিটির ৫১টি পদের মধ্যে বাকি পদগুলোর জন্য আজ শনিবার সকাল ৯টা থেকে বিকেল ৪টা পর্যন্ত ঢাকা ও রাজশাহী বিশ্ববিদ্যালয় দুটি কেন্দ্রে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়।

নির্বাচনকে ঘিরে বিতর্ক ও আলোচনা-সমালোচনা তৈরি হয়েছে। সংবিধান লঙ্ঘনসহ নানা অনিয়মের অভিযোগ তুলে আগেই নির্বাচন বর্জন করেছেন জাতীয়তাবাদী আদর্শে বিশ্বাসী জীবন সদস্যরা। তবে বিএনপিপন্থী অ্যালামনাসদের এ অভিযোগ ভিত্তিহীন বলে মন্তব্য করেছেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সালেহ্ হাসান নকীব। তিনি বলেন, ‘সংবিধান অনুযায়ী নির্বাচন অনুষ্ঠিত হয়েছে এবং তা শান্তিপূর্ণভাবেই সম্পন্ন হয়েছে।’

রাত সাড়ে ৭টার দিকে নির্বাচনের ফলাফল ঘোষণা করেন রুয়ার প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক এফ নজরুল ইসলাম। তিনি বলেন, ‘বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ৭২ বছরে এসে প্রথম অ্যালামনাই নির্বাচন অনুষ্ঠিত হলো। প্রিজাইডিং কর্মকর্তা, রিটার্নিং কর্মকর্তা এবং দূর-দূরান্ত থেকে যেসব অ্যালামনাসরা এসে এই নির্বাচনকে সাফল্যমন্ডিত করেছেন তাদের সকলকে ধন্যবাদ জানাচ্ছি। ৫১ টি পদের মধ্যে ২৪ পদে নির্বাচন হয়েছে এবং বাকি ২৭ টি পদে বিনা প্রতিদ্বন্দ্বিতায় প্রার্থীরা জয়ী হয়েছেন। আশা করি তাদের হাত ধরে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উন্নয়নের ধারা আরও গতিশীল হবে।’

বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিতরা হলেন সভাপতি মো. রফিকুল ইসলাম খান, সাধারণ সম্পাদক প্রফেসর ড. মো. নিজাম উদ্দীন, সহ সভাপতি (সংরক্ষিত মহিলা) সাবরীনা শারমিন, কোষাধ্যক্ষ জে এ এম সকিলউর রহমান, যুগ্ম-সাধারণ সম্পাদক (সংরক্ষিত মহিলা) ড. মোছা. ইসমত আরা বেগম, সাংগঠনিক সম্পাদক মো. ইমাজ উদ্দিন, যুগ্ম-সাংগঠনিক সম্পাদক মো. কবির উদ্দীন, শিক্ষা ও পাঠাগার সম্পাদক ড. মো. নাসির উদ্দিন, যুগ্ম-শিক্ষা ও পাঠাগার সম্পাদক মো. শহীদুল ইসলাম, যুগ্ম-তথ্য ও গবেষণা সম্পাদক ড. মো. নূরুল ইসলাম, যুগ্ম-সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক আবু সালেহ মো. আব্দুল্লাহ।

যুগ্ম-প্রচার, প্রকাশনা ও জনসংযোগ সম্পাদক মোহা. আশরাফুল আলম ইমন, যুগ্ম-ক্রীড়া সম্পাদক রুকন উদ্দিন মো. রওশন জামির খান, দপ্তর সম্পাদক কাজী মামুন রানা, যুগ্ম-দপ্তর সম্পাদক মো. মোজাহিদ হাসান, আইটি সম্পাদক মো. মাসুদ রানা, যুগ্ম-আইটি সম্পাদক মো. হাবিবুর রহমান মুন্না, আইন সম্পাদক মুহম্মদ শাহাদাৎ হোসাইন, মুখ্য-কল্যাণ ও উন্নয়ন সম্পাদক সাব্বির আহমেদ তাফসীর, আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক এ. বি. এম. কামরুজ্জামান, যুগ্ম-আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক মো. ফরহাদ আলম।

এ ছাড়া সংরক্ষিত মহিলা আসনে নির্বাহী সদস্য হিসেবে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন মোছা. ফাতিমা খাতুন, মোসা. সখিনা খাতুন, ড. সিরাজুম মুনীরা, শাহানারা বেগম ও শারমিন আকতার।

এদিকে নির্বাচনে সহ-সভাপতি পদে জয়ী হয়েছেন মো. মতিউর রহমান আকন্দ ও মো. কেরামত আলী। যুগ্ম সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন দেলাওয়ার হোসেন ও মো. কামরুল আহসান। তথ্য ও গবেষণা সম্পাদক মো. শামসুজ্জাহা, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক মো. হারুন-অর-রশিদ, ক্রীড়া সম্পাদক মো. মোজাম্মেল হক, যুগ্ম-আইন সম্পাদক মো. মিল্টন হোসেন, কল্যাণ ও উন্নয়ন সম্পাদক পদে ড. শাহ্ হোসাইন আহমদ মেহদী নির্বাচিত হয়েছেন।

এ ছাড়া নির্বাহী সদস্য হিসেবে নির্বাচিত হয়েছেন মো. আশফাকুর রহমান, মো. আবু তালেব, মো. আব্দুল বাছেদ, মো. আব্দুল খালেক, এম উমার আলী, আ.স.ম খায়েরুজ্জামান, মো. গোলাম রছুল, মো. নুরুল ইসলাম, মোহাম্মদ নজরুল ইসলাম, মো. মহিউদ্দীন, মো. মাহবুবুল আহসান, মো. রেজাউল করিম, মো. রফিকুল ইসলাম, মো. লতিফুর রহমান ও মো. শফিকুল ইসলাম।